

# তারাব পৌরসভা কার্যালয়

রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

## নিয়োগ বিজ্ঞপ্তি (৩য়)

স্মারক নং- তাঃপৌঃ/সাধাঃ/নিয়োগ/২০২৩/৫২৪৪

তারিখঃ ১৬/১০/২০২৩ খ্রিঃ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের পৌর-১ শাখার স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৩.১১.০০৬.২১-৭৮৫, তারিখঃ ২৩/০৫/২০২৩ খ্রিঃ ছাড়পত্রের আলোকে নারায়ণগঞ্জ জেলার তারাব পৌরসভার নিম্নবর্ণিত শূণ্যপদ সমূহে জনবল নিয়োগের লক্ষ্যে পৌরসভা কর্মচারী চাকুরী বিধিমালা ১৯৯২ মোতাবেক নিম্নোক্ত শর্ত সাপেক্ষে বাংলাদেশী প্রকৃত নাগরিকগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ-

ক্রম নং	পদের নাম	শূণ্য পদের সংখ্যা	বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী)	শিক্ষাগত যোগ্যতা
১	২	৩	৪	৫
১.	পাইপ লাইন মেকানিক	০৩ (তিন)	৯০০০-২১৮০০ গ্রেড-১৭	৮ম শ্রেণী পাশ। পাম্প চালনা ও পানি সরবরাহের কাজে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।

### শর্তাবলীঃ-

- প্রার্থীকে সাদাকাগজে স্ব-হস্তে লিখিত/কম্পিউটার কম্পোজকৃত দরখাস্ত আগামী ০৯ নভেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি অফিস চলাকালীন সময়ে মেয়র, তারাব পৌরসভা, নারায়ণগঞ্জ বরাবর পৌছাতে হবে।
- দরখাস্তে স্পষ্ট অক্ষরে- (ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) ০৯/১১/২০২৩ খ্রিঃ তারিখ প্রার্থীর বয়স (জ) শিক্ষাগত যোগ্যতা (ঝ) জাতীয়তা (ঞ) ধর্ম, (ট) জাতীয় পরিচয়পত্র নম্বর ও জন্ম নিবন্ধন নম্বর (ঠ) অভিজ্ঞতা (ড) মোবাইল/ই-মেইল নম্বর (ঢ) বীর মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানদের সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী বিষয়ক তথ্য (যদি থাকে) (ণ) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, টাকার পরিমাণ, ব্যাংক এর নাম ও শাখার নাম ইত্যাদি আবেদনে উল্লেখ করতে হবে।
- আবেদনকারীর বয়স ০৯/১১/২০২৩ খ্রিঃ তারিখে ন্যূনতম ১৮ বৎসর এবং সর্বোচ্চ ৩০ বৎসরের মধ্যে হতে হবে। কেবলমাত্র বীর মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানদের সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর গ্রহণযোগ্য হবে।
- দরখাস্তের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে- (ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি (খ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্র (গ) দক্ষতা ও অভিজ্ঞতার প্রমাণক সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) (ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্র (ঙ) একজন প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (চ) বীর মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানদের সন্তান ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে প্রমাণক সঠিক সনদপত্র (ছ) জাতীয় পরিচয়পত্র।
- আবেদনের সাথে মেয়র, তারাব পৌরসভা, নারায়ণগঞ্জ বরাবর/অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- আবেদন পত্রের সাথে নিজের নাম ও ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার ডাক টিকেট সম্বলিত ০১ টি (১০ ইঞ্চি x ৪.৫ ইঞ্চি) ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান ও কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণযোগ্য হবে।
- বয়স প্রমাণের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা (এস.এস.সি সনদ/জাতীয় পরিচয়পত্র) অনুযায়ী হতে হবে, এ ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- অসম্পূর্ণ, ত্রুটিযুক্ত কিংবা বিলম্ব/অগ্রিম প্রাপ্ত দরখাস্ত/আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীর জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদে জন্ম তারিখ ভিন্নতা পাওয়া গেলে আবেদন/নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- যে কোন তদবীর/সুপারিশ সংশ্লিষ্ট প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় আবেদনের সাথে সংযুক্ত সকল সনদের মূল কপি আবশ্যিকভাবে প্রদর্শন করতে হবে।
- লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং কর্তৃপক্ষ (বিশেষ পরিস্থিতিতে) কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ স্থগিতকরণের ক্ষমতা সংরক্ষণ করবেন।

(হাছিনা গাজী)

মেয়র

তারাব পৌরসভা, নারায়ণগঞ্জ